গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এ. এন. এম. মঈনুল ইসলাম<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২২ জুন ২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল : ১১.৩০ টায় |
| স্থান | ভার্চুয়াল প্লাটফর্ম (জুম) এ অনুষ্ঠিত |
| উপস্থিতি | ... |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। সভাপতি আওতাধীন অফিসের সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারিত ফরমেটে ৮ কলামে প্রস্তুতপূর্বক সেবাসমুহের বাস্তবায়ন কার্যক্রম গ্রহন, ওয়েবসাইট হালনাগাদকরণ এবং প্রতিটি কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে সূচকের প্রমাণকসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করেন।

এরপর সভায় আওতাধীন অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কার্যক্রমের বিষয়ে এ কার্যালয়ের পরিবীক্ষণ কমিটির পর্যলোচনা তুলে ধরা হয়। এ বিষয়ে নিম্নরুপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০১. | **আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ:** আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ বিষয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী প্রতি ত্রৈমাসিক এ সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা প্রয়োজন। এ বিভাগের জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করে দেখা যায় যে, এ বিভাগের সকল জেলার সেবা প্রদান প্রতিশ্রুতির সেবাসমূহকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা** হিসেবে তিন ভাগে বিভক্ত করে ৮ কলামের নির্ধারিত ফরমেটে প্রস্তুত করা হয়েছে। তবে নওগাঁ বেতীত অন্য ৭টি জেলার (রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট) সেবা প্রদান প্রতিশ্রুতি ৪র্থ ত্রৈমাসিকে হালনাগাদ নেই।<br>চাঁপাইনবাবগঞ্জ জেলার ভিশন ও মিশন উল্লেখ নেই। মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতিকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা** হিসেবে তিন ভাগে বিভক্ত করে নির্ধারিত ফরমেটে ৮ কলামে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষরসহ ওয়েব সাইটের নির্ধারিত সেবা বক্সে আপলোড করা প্রয়োজন। | ১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট ফরমেটে জেলা প্রশাসকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা** হিসেবে শ্রেণীবিন্যাস করে ৮ কলামের নির্ধারিত ফরমেটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষরসহ ২৭ জুন ২০২৩খ্রি. তারিখের মধ্যে ওয়েবসাইটের নির্দিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। | ১। জেলা প্রশাসক (রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট) |
| ০২. | **সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন :** সভায় এ কার্যালয়ের সহকারী কমিশনার (সাধারণ) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভূক্ত রয়েছে। তিনি জানান যে, এ বিভাগের সকল জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণে নওগাঁ জেলার পরিবীক্ষণ কমিটি ০২/০৪/২০২৩খ্রি. তারিখে হালনাগাদ করা হয়েছে। অন্য ৭টি জেলার (রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ৪র্থ ত্রৈমাসিকে পুনর্গঠন/ হালনাগাদ করা হয়নি মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন ও নিয়মিত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজনের অনুরোধ করেন। এছাড়া ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করেন। | ০১। জেলা প্রশাসকের কার্যালয়ে সেবা প্রদান সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে আগামী ২৫ জুন ২০২৩ মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>২। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৩। পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তের বাস্তবায়ন প্রতিবেদন নিয়মিত এ কার্যালয় প্রেরণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট) |

| | | | |
|---|---|---|---|
| ০৩. | **সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ :** আওতাধীন অফিসের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণকালে দেখা যায় যে, এ বিভাগের সকল জেলার ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য আপলোড আছে। নওগাঁ জেলা গত ০২/০৪/২০২৩ তারিখে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করেন। অন্য ৭টি জেলা (রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট) ৪র্থ ত্রৈমাসিক এ হালনাগাদ করা হয়নি মর্মে সভাপতি কে অবহিত করেন এবং সিরাজগঞ্জ ও জয়পুরহাট জেলার অফিস আদেশ আপলোড নেই। সভাপতি, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ সংক্রান্ত অফিস আদেশ ওয়েবসাইটের নির্দিষ্ট সেবা বক্সে আপলোডের অনুরোধ করেন। | ১। প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ আদেশ নির্দিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ |
| ০৪. | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ ও স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন :** এ কার্যালয়ের সহকারী কমিশনার (সাধারণ) জানান যে, ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.১ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং ২.২ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন অন্তর্ভূক্ত রয়েছে। অংশীজন বলতে স্ব স্ব প্রতিষ্ঠানের অভ্যন্তরীন/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি), সুশীল সমাজের প্রতিনিধি এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীকে বোঝানো হয়েছে। আয়োজিত সভায় স্টেকহোল্ডারগণের মতামত ও সুপারিশসমূহ গুরুত্বের সাথে বিবেচনা করে নিজ নিজ দপ্তরের সেবা প্রদান কার্যক্রমকে আরও সহজ ও ভোগান্তিবিহীন করার সর্বোচ্চ চেষ্টা করতে হবে। | ১। জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন নিয়মিত অব্যাহত রাখতে হবে।<br>২। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা নির্ধারিত সময়ে আয়োজন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ |
| ০৫ | **বিবিধ:** ১। কাংক্ষিত সেবা না পেলে বা সংক্ষুদ্ধ হলে কিভাবে প্রতিকার পাবেন, কার নিকট পাবেন তা সেবা প্রদান প্রতিশ্রুতির শেষে সংযুক্ত করতে হবে।<br>২। এ কার্যালয়ের গত ১২ জুন ২০২৩ তারিখের ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২৩.৬৮৮ সংখ্যক স্মারকের নির্দেশনা যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতির শেষে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী তথ্যাদি সংযুক্ত করতে হবে।<br>২। প্রেরিত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এ. এন. এম. মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২৩.৭৪৭

তারিখ: ৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব (রুটিন দায়িত্ব), মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সিপি-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়)

৩) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

৪) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব/সিনিয়র সহকারী/সহকারী কমিশনার(মাঠ প্রশাসন/সাধারণ/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত), এ কার্যালয়।

Masum

মোঃ মাসুম বিল্লাহ্
সহকারী কমিশনার (অতিরিক্ত দায়িত্ব)